# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-৮৯৪(৮)

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১৬/১০/২০২৪ তারিখ রোজ বুধবার সকাল- ১১.০০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

১৫/১০/২০২৪

**মোঃ রমজান আলী**
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

বিতরণ ঃ

..............................................................
..............................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।

CamScanner

# উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ১৬/১০/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১১.০০ টা

## সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামোর আলোচনা ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ১,৭০,০০,০০০/- টাকা স্থানান্তর করা হয়। তিনি উক্ত স্থানান্তরিত অর্থ হতে পিআইসি'র অর্থ বাদে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প তালিকা এবং এডিপি'র মোট ০৪টি কিস্তি × ৯৪,৩৬,০০০/- টাকার পিআইসি ও টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প তালিকা প্রস্তুত করে প্রকল্প বাছাই কমিটির সুপারিশের আলোকে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন | সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নে জনগণের সম্পৃক্ততা ঃ** সভাপতি সভায় জানান যে, ইউনিয়নের বিভিন্ন রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ইত্যাদি নির্মাণ, পুনঃনির্মাণ, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য জনগণকে সাথে নিয়ে কাজ করার জন্য এবং তাদের পরামর্শ গ্রহণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ইউনিয়নের বিভিন্ন রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ইত্যাদি নির্মাণ, পুনঃনির্মাণ, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য জনগণকে সাথে নিয়ে কাজ করার জন্য এবং তাদের পরামর্শ গ্রহণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | **ভৌত অবকাঠামো প্রকল্পসমূহ ঃ** উপজেলা প্রকৌশলী জানান যে, ভৌত অবকাঠামো প্রকল্পসমূহের (যেমন সেচের জন্য ড্রেন নির্মাণ, পয়ঃপ্রণালী নিষ্কাশন ও জলাবদ্ধতা) গুণগত মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার জন্য এবং কাজের মান খারাপ হলে উপজলা পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনোযোগ আকর্ষণ করার জন্য বর্ণিত কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | ইউনিয়নের ভৌত অবকাঠামো প্রকল্পসমূহের কার্যক্রম তদারকি করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |
| ০৪ | **বিবিধ ঃ** সভাপতি জনগণের স্বতঃস্ফূত অংশগ্রহণ এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ চিহ্নিত করে তা বাস্তবায়নের জন্য উজেলা পরিষদে সুপারিশ উপস্থাপনের জন্য সকল ইউপিন চেয়ারম্যান-কে অনুরোধ জানান। | জনগণের স্বতঃস্ফূত অংশগ্রহণ এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ চিহ্নিত করে তা বাস্তবায়নের জন্য উজেলা পরিষদে সুপারিশ উপস্থাপনের জন্য সকল ইউপিন চেয়ারম্যান-কে অনুরোধ জানানো হ। | সকল ইউপি চেয়ারম্যান |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/১০/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত
অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-৮৬৮

তারিখঃ ০১ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ...........................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.............................................................................................
সদস্য, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

১৬/১০/২০২৪
মোঃ রমজান আলী
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য-সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত
অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

CamScanner

## উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সভার উপস্থিতি

তারিখ- ২৬/১০/২০২৪

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা প্রকৌশলী, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

CamScanner